

স্কুল-কলেজে ১৬, মাদরাসায় ছুটি ২১ দিন

অনলাইন ডেস্ক



ফাইল ছবি

এবারের ঈদুল আজহার ছুটি ৭ দিন নির্ধারণ করেছে সরকার। বৃহস্পতিবার (৭ মে) রাতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ ঘোষণা আসে। সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ২৫ মে থেকে ৩১ মে ছুটি থাকবে।

মন্ত্রিপরিষদ বিভাগের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, ২৩ মে (শনিবার) সাপ্তাহিক ছুটি বাতিল করা হয়েছে।

অর্থাৎ একটি সাপ্তাহিক ছুটির দিনে (২৩ মে) অফিস করতে হবে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের।

মন্ত্রিপরিষদের ঘোষণার পর থেকে সামাজিক যোগাযোগ মাধ্যমে আলোচনা চলছে- শিক্ষাপ্রতিষ্ঠানে ঈদুল আজহার ছুটিতে কোনো পরিবর্তন আসছে কি না। সূত্র বলছে, শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটিতে কোনো পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়া হয়নি।

পড়ুন



শনিবারের ছুটি বাতিল সরকারি চাকরিজীবীদের, যুক্ত হবে ঈদে

শিক্ষাপ্রতিষ্ঠানের ২০২৬ সালের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি থেকে জানা গেছে, সাপ্তাহিক ছুটি, গ্রীষ্মকালীন অবকাশ ও আসন্ন ঈদুল আজহা উপলক্ষে টানা ১৬ দিনের ছুটি থাকছে স্কুল ও কলেজে।

আর ২১ দিনের ছুটি থাকছে মাদরাসায়।

শিক্ষাপঞ্জি অনুযায়ী, প্রাথমিক বিদ্যালয়, নিম্নমাধ্যমিক ও মাধ্যমিকে গ্রীষ্মকালীন অবকাশ ও ঈদু ছুটি শুরু হচ্ছে আগামী ২৪ মে (রবিবার) থেকে। ছুটি শেষ হবে ৪ জুন (বৃহস্পতিবার)। এই ছুটির আগে ও পরে রয়েছে শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি।

ফলে টানা ১৬ দিনের ছুটি থাকছে স্কুলে।

কলেজে ঈদুল আজহার ছুটি ১২ দিনের। এই
ছুটিরও আগে পরে যুক্ত আছে সাপ্তাহিক ছুটি।
ফলে টানা ১৬ দিনের ছুটি থাকছে কলেজে।

এদিকে মাদরাসায় গ্রীষ্মকালীন অবকাশ ও ঈদুল
আজহা উপলক্ষে ২৪ মে (রবিবার) থেকে ছুটি
শুরু হচ্ছে আর শেষ হবে ১১ জুন।

তবে ছুটির আগের দুদিন শুক্র ও শনিবার
সাপ্তাহিক ছুটি থাকায় টানা ২১ দিন ছুটি থাকছে
মাদরা